



## নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২

সাওঘাট, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

ই-মেইলঃ-narayanganjpbs2@gmail.com

স্মারক নং-২৭.১২.৬৭৬৮.৫৭৯.০১.০৩৮.২৩- ৮৪৫১

তারিখ ০৪/০৩/২০২৩খ্রিঃ

### দরপত্র বিজ্ঞপ্তি (RFQ)


নারায়ণগঞ্জ পবিস-২ এর জন্য সমিতির নিজস্ব তহবিলের আওতায় কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতির মাধ্যমে নিম্ন বর্ণিত মালামাল ক্রয়ের লক্ষ্যে বাংলাদেশের খ্যাতিমান উৎপাদনকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হইতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

দরপত্র নং	ক্রমিক নং	বিবরণ		মালামালের পরিমাণ	দাখিলকৃত উদ্ধৃত মূল্য	
					একক মূল্য	মোট মূল্য
৩৭/২২-২৩	০১	Brand Name:	Internationally Reputed Brand	১,০০০ টি		
		Model Number:	ER14250 (with Plug)			
		Shape:	cylindrical			
		Nominal Voltage:	3.6V			
		Working	-55°C to 85°C			
		Battery Size:	1/2AA			
		Battery Type:	Lithium			
		Dimensions:	14.5*25.0mm			
		Nominal Capacity:	1.2Ah			
		Battery charging:	No			
		Cover:	According to battery size (নমুনা মোতাবেক)			
		Warranty	1 Year			

#### শর্তাবলীঃ


- ০১। দরপত্র আগামী ১২/০৩/২০২৩খ্রিঃ তারিখ বেলা ১১.০০ ঘটিকা পর্যন্ত নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, সাওঘাট, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ অথবা পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ারসাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ রক্ষিত টেন্ডার বাক্সে ফেলিতে হইবে এবং প্রাপ্ত দরপত্র সমূহ একই দিনে বেলা ১১.০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহন করা হইবে না।
- ০২। দরপত্রের খামের উপরে “**প্লি-পেইড মিটার ব্যাটারি**” দরপত্র কথটি স্পষ্টাক্ষরে লিখিতে হইবে এবং প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে দরপত্র খামে সীলগালা ব্যবহার পূর্বক উপরের ছক অনুযায়ী দাখিল করিতে হইবে।
- ০৩। দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখিতে হইবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি, ঘষামাজা এবং ফুইড ব্যবহার গ্রহনযোগ্য হইবে না।
- ০৪। দরপত্র দাখিলের সময় দরপত্রের সহিত হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট, আয়কর সনদপত্র ও ব্যাংক সলভেন্সী প্রত্যয়ন পত্রের সত্যায়িত ফটোকপি অবশ্যই দাখিল করিতে হইবে।
- ০৫। দরপত্রে দাখিলকৃত দর বর্তমান বাজার মূল্যের সহিত সংগতিপূর্ণ হইতে হইবে।
- ০৬। বিল প্রদানের সময় নিরাপত্তা জামানত হিসাবে মোট বিলের ১০% অর্থ কর্তন করিয়া রাখা হইবে, যাহা মালামালের গুণগতমান অক্ষম থাকা সাপেক্ষে এবং সন্তোষজনকভাবে ০৬ মাসের ওয়ারেন্টি পিরিয়ড অতিক্রান্ত হওয়া সাপেক্ষে ফেরত প্রদান করা হইবে।
- ০৭। সফল দরদাতাকে কার্যাদেশ প্রদানের ০৭ (সাত) দিনের মধ্যে মালামাল নিজ খরচে নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২, সদর দপ্তর, সাওঘাট, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ এ পৌছিয়ে দিতে হইবে। মালামাল সরবরাহে বিলম্ব ঘটিলে সরবরাহকৃত মালামালের চুক্তিমূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে কর্তন করা হইবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট চুক্তিমূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হইবে না। অন্যথায় কার্যাদেশ বাতিল পূর্বক কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হইবে।
- ০৮। **মালামাল সমূহ উপরে বর্ণিত বিবরণ ও নমুনা মোতাবেক হইতে হইবে। দাখিলকৃত দরপত্রের সহিত ০১টি নমুনা ব্যাটারী প্রদান করতে হবে।** দরপত্র দাখিলের পূর্বে আগ্রহী প্রতিষ্ঠান এর আবেদন সাপেক্ষে নমুনা প্রদর্শন করা হবে। মালামাল সরবরাহের পর পবিস কর্তৃক মনোনীত প্রতিনিধির মাধ্যমে গুণগত মান যাচাই করা হইবে। সরবরাহকৃত মালামালের গুণগত মান মানসম্পন্ন না হইলে সমিতি কর্তৃক কোন ক্রমেই গ্রহন করা হইবে না।

- ০৯। সন্তোষজনক ভাবে মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে হিসাবের খাতে প্রদেয় চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হইবে এবং সরকারী নিয়মানুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে ভ্যাট ও আয়কর কর্তন করা হইবে।
- ১০। দরপত্র সম্পর্কে কাহারও কোন জিজ্ঞাসা থাকিলে/ব্যাখ্যার প্রয়োজন হইলে উহা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে লিখিত ভাবে অনুরোধ করিতে হইবে।
- ১১। নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- ১২। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হইলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গন্য হইবে।

  
 (মোঃ রফিকুল ইসলাম)  
 সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (বহুল প্রচারের নিমিত্তে আপনার নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)।

- ০১। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
- ০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৩। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, নারায়ণগঞ্জ।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার..... পবিস-১/২/৩/৪।
- ০৫। ডিজিএম (কারিগরি) সদর দপ্তর/পূর্বাচল/আড়াইহাজার/গোপালদী জোনাল অফিস, নারায়ণগঞ্জ পবিস-২।
- ০৬। সহকারী প্রকৌশলী, বাপবিবো, নারায়ণগঞ্জ।
- ০৭। এজিএম (অর্থ-হিসাব/সদস্য সেবা/ইএভসি/ওএভএম), নারায়ণগঞ্জ পবিস-২।
- ০৮। মেসার্স.....।
- ০৯। নোটিশ বোর্ড, নারায়ণগঞ্জ পবিস-২।
- ১০। অফিস কপি/মাস্টার কপি।

  
 (মোঃ রফিকুল ইসলাম)  
 সিনিয়র জেনারেল ম্যানেজার